কাজ শেষ, উদ্বোধনের অপেক্ষায় ব্যারাকপুর ফুটবল স্টেডিয়াম

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : ব্যারাকপুরে গড়ে উঠছে ফুটবল স্টেডিয়াম। স্টেডিয়াম তৈরির কাজ প্রায় ৯০ শতাংশ শেষ। প্রায় ৬ হাজার আসন বিশিষ্ট এই ফুটবল স্টেডিয়ামে এখন শেষ মুহূর্তের কাজ চলছে। স্টেডিয়াম তৈরিতে খরচ হয়েছে প্রায় ১৪ কোটি টাকা। ব্যারাকপুরে এই ফুটবল স্টেডিয়াম তৈরিতে আর্থিক সহযোগিতা করছে রাজ্য সরকার। খেলোয়াড়দের জন্য থাকছে জিম, বিশ্রামাগার, অত্যাধুনিক শৌচাগার ও প্রেস কর্নার। আগামীদিনে প্রয়োজনে সুইমিং পুল তৈরি করা হতে পারে। নির্মীয়মাণ স্টেডিয়াম তৈরির কাজ তদরকি করছে ব্যারাকপুর পুরসভার পুরপ্রধান উত্তম দাস। উত্তম দাস বললেন, 'রাজ্য সরকারের আর্থিক সহযোগিতায় গড়ে উঠছে এই ফুটবল স্টেডিয়াম। এখানে কলকাতা লিগের গুরুত্বপূর্ণ খেলাগুলি আয়োজিত হবে। স্টেডিয়ামটি পরিচালনার দায়িত্ব নিচ্ছে ফিফা। এখানে কলকাতার বড় ক্লাবগুলির ফুটবলাররা অনুশীলন করার সুযোগ পাবে। স্টেডিয়ামটি যাতে মুখ্যমন্ত্রী স্বয়ং উদ্বোধন করেন সেই চেষ্টা চলছে। তিনি আরও বলেন, আগামী ১৫ দিনেই মধ্যেই ব্যারাকপুর স্টেডিয়াম তৈরির কাজ শেষ হবে।'

উলুবেড়িয়ায় দুর্ঘটনায় শিশুর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, হওড়া : মাটি কাটা জেসিবি গাড়ির ধাক্কায় প্রাণ হারাল এক বছর সাতেকের শিশু। সোমবার ঘটনাটি ঘটেছে বাগনান থানার নুন্টিয়া দক্ষিণ রায় তলায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন সকাল দশটা নাগাদ দক্ষিণরায়তলা বাজার এলাকায় একটি জেসিবি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে শেখ হানিফ নামে স্থানীয় একটি ইটভাটার শ্রমিকদের এই শিশুকে ধাক্কা মারলে ঘটনাস্থলেই শিশুটির মৃত্যু হয়। এই ঘটনার পরে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। স্থানীয় মানুষ মৃতদেহ আটকে রেখে বিক্ষোভ দেখাতে থাকে। পুলিশ গিয়ে মৃতদেহটি উদ্ধার করে ও গাড়িটি আটক করে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	7	9			8			
3		5						
2	6		1			5		
		7			1			5
5		4				2		7
9			5			1		
		6			9		5	1
						7		3
			2			4	6	

গতকালের সমাধান

3	7	2	6	9	8	1	4	5
1	9	4	5	2	3	7	6	8
5	6	8	1	7	4	2	3	9
7	4	6	8	3	1	5	9	2
8	5	1	2	4	9	3	7	6
9	2	3	7	6	5	8	1	4
4	8	5	9	1	7	6	2	3
2	1	9	3	5	6	4	8	7
6	3	7	4	8	2	9	5	1

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩০ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৭ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৮, **সূর্যাস্ত:** ঘ ৬:২৪ **জোয়ার:** সকাল ৬:০৫। **ভাঁটা:** বিকেল : ১১:২৪।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	68.6573
INR / 1 Euro	80.7822
INR / 100 Jap. YEN	62.1600
INR / 1 Pound Sterling	91.4653

শেয়ার সূচক

BSE	35,943.72 ▲	(-276,.86)
NIFTY	10,852.90 ▲	(-80.25)

শব্দলিপি- ১২৪৭



রিমঝিম দাশ

পাশাপাশি ঃ ১। পৃথিবী ৩। প্রাত্যহিক ৫। বিহঙ্গ ৭। কর্মে অনুপস্থিতি ৮। মর্যাদা দেওয়া ৯। সুসম নয় ১১। হাঁড়িজাতীয় রন্ধনপাত্র ১২। বোকাই

উপরনীচ ঃ ১। জ্যোতি ২। উৎপীড়ক ৩। বিশ্বাসী ৪। ব্যক্তিত্বহীন লোক ৬। বিত্তহীন সম্প্রদায় ৭। কলঙ্কলেপন ৯। সেকেণ্ডসময় ১০। ধানের গোলা

সমাধান ঃ শব্দলিপি - ১২৪৬

পাশাপাশি ঃ ১। পবন ৫। তম্বুরা ৬। নখশূল ৭। দারক ৯। প্রণাবি ১০। নটবর ১২। মারক ১৩। নগর

উপরনীচ ঃ ১। পরখ ২। নকুলদানা ৩। হতবাক ৪। বরাহমিহির ৬। নদের নিমাই ৮। রবিনন্দন ৯। প্রভাকর ১১। বন্ধুর

শোভারানী কলেজের ছাত্রীকে শ্লীলতাহানি, গ্রেফতার অধ্যাপক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : আবারও শ্লীলতাহানির অভিযোগ উঠল এক অধ্যাপকের বিরুদ্ধে। বাড়িতে ডেকে নিয়ে এসে এক কলেজ ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার হলেন এই কলেজ অধ্যাপক। ধৃত অধ্যাপকের নাম শিবশঙ্কর চট্টোপাধ্যায়। হাওড়ার ব্যাঁটরা থানা এলাকার চ্যাটার্জী পাড়ার বাসিন্দা তিনি। সোমবার ধৃতকে হাওড়া আদালতে তোলা হয়।

পুলিশ সূত্রে খবর, ধৃত জগৎবল্লভপুরের শোভারানি কলেজের বাংলা বিভাগের শিক্ষক তিনি। তিনি বিবাহিত, তার এক সন্তান আছে।

নির্যাতিতা ছাত্রী ডোমজুড়ের বাসিন্দা। সে হাওড়ার একটি কলেজের স্নাতকস্তরের তৃতীয় বর্ষের ছাত্রী। সে শিবশঙ্করবাবুর কাছে পড়তে যেত। পুলিশ জানিয়েছে, ১১ মে অধ্যাপক নির্যাতিতা ছাত্রীকে বাড়িতে ডেকে পাঠান। সেই সময় বাড়িতে কেউ ছিল না। ছাত্রী বাড়িতে এলে তাকে দ্বিতীয়বর্ষের কিছু খাতা দেখতে বলেন। সেই সময় তাকে কিছু খাবার দেওয়া হয়। অভিযোগ, সেই খাবারে কিছু মেশানো হয়েছিল। সেই খাবার খেয়ে অচৈতন্য হয়ে পড়ে ছাত্রীটি। বাড়িতে কেউ না থাকার সুযোগ নিয়ে অচৈতন্য অবস্থায় অধ্যাপক শারীরি নির্যাতন করেন বলে অভিযোগ ছাত্রীর। এরপর একটু সুস্থ হলে নির্যাতিতা ছাত্রী বাড়ি ফিরে আসে।

শারীরিক নির্যাতনের পর ছাত্রীটিকে কাউকে না জানানোর জন্য বলা হয়। কাউকে জানাল তার বিরুদ্ধে কুৎসা রটানো হবে বলেও হুমকি দেওয়া হয়। এই ঘটনায় আতঙ্কিত হয়ে পড়ে ছাত্রীটি। এই ঘটনার পর থেকেই নির্যাতিতা অধ্যাপকের কাছে পড়তে যাওয়া বন্ধ করে দেয়। বেশকিছুদিন পড়তে না যাওয়ায় পরিবারের সন্দেহ হয়। ছাত্রীকে জিজ্ঞাসা করলে তাদের কাছে বিষয়টি সামনে আসে। এরপর ২ জুলাই ছাত্রীটির পরিবারের পক্ষ থেকে হাওড়ার ব্যাঁটরা থানায় লিখিত অভিযোগ করা হয়। পুলিশের পক্ষ থেকে বিষয়টি নিয়ে তদন্ত শুরু করে। তদন্তের খাতিরে অধ্যাপককে পুলিশের পক্ষ থেকে ডেকে পাঠানো হয়। কিন্তু পুলিশ ডেকে পাঠালে অধ্যাপক অসুস্থতা দেখিয়ে হাওড়া জেলা হাসপাতালে ভর্তি হন ৪ জুলাই। হাসপাতালে থাকাকালীন ওই দিনই পুলিশ গ্রেফতার করে অধ্যাপককে। সোমবার তাকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়।

এদিন তাকে হাসপাতাল থেকে আদালতে তোলা হয়। নির্যাতিতার গোপন জবানবন্দি নেওয়া হয়েছে।

অনির্দিষ্টকালের জন্য বন্ধ টিটাগড় বাস ডিপোর পরিষেবা

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে। এই দাবিতে সোমবার সকাল থেকে ডব্লুবিটিসি-র (পশ্চিমবঙ্গ পরিহন নিগম) টিটাগড় ডিপোয় বাস কর্মীরা বেশ কয়েকটি রুটে বাস চলাচল অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেন। এই ঘটনায় চূড়ান্ত নাকাল হলেন নিত্যযাত্রীরা। ব্যারাকপুর-কলকাতা, ব্যারাকপুব -হাওড়া, ব্যারাকপুর-দক্ষিণেশ্বর, ব্যারকপুর- বারাসত, ব্যারাকপুর -শ্যামনগর প্রভৃতি রুটের বাস যাত্রীরা রীতিমতো ভোগান্তির শিকার হন। তবে এই জটিলতা কাটাতে পরিবহন নিগমের উচ্চপদস্থ কর্তাদের মধ্যে এখনও কোনও বৈঠকের আয়োজন করা হয়নি।

এই ৮টি রুটের বাস কবে নামবে, তা নিয়ে অনিশ্চয়তা রয়েই গেছে। পরিবহন সংস্থার উচ্চপদস্থ আধিকারিকরা এই রুটের বিভিন্ন বাসে হঠাৎ অভিযান চালান। এই অভিযানে বাসের চালক এবং কন্ডাক্টরকে চেকিং করা হচ্ছে। কোথাও বাসের টিকিট বিক্রির সঙ্গে কন্ডাক্টরের হিসাবে গরমিল হলেই বিনা নোটিসে ওই বাসের চালক এবং কন্ডাক্টরকে সংস্থার প্রধান কার্যালয় থেকে একটি নোটিস পাঠিয়ে অনির্দিষ্টকালের জন্য সাসপেন্ড করে দেওয়া হচ্ছে।

বাস চালকদের বক্তব্য বাসে হিসাব বহির্ভূত টাকা আসতেই পারে। যদিও টিকিট বিক্রির বিষয়টা শুধুমত্র কন্ডাক্টরই দেখে। অনেক সময়ই দেখা যায়, যাত্রীরা তাড়াহুড়োর কারণে টিকিটের বাকি টাকা না নিয়েই বাস থেকে নেমে যান। তার মানে তো এটা নয় সে বাসচালক কিংবা কন্ডাক্টর চোর। প্রসঙ্গত, বিষয়টি নিয়ে ক'দিন আগেই ডব্লুবিটিসি-র কাছে অভিযোগ জানানো হয়েছিল। তারপর থেকেই পরিবহন নিগমের কর্মীরা বাসে অতর্কিত অভিযান চালান।

ভাড়া সংক্রান্ত হিসাবে গরমিল হলেই বাসের চালক এবং কন্ডাক্টরদের বিরুদ্ধে শাস্তি প্রদান করা হচ্ছে। টিটাগড়ের এই ডিপোতে মোট ৯০ জন কাজ করেন। ইতিমধ্যে দু'টি বাসের দু'জন চালক এবং দু'জন কন্ডাক্টরকে রাজ্য পরিবহন নিগম অনির্দিষ্টকালের জন্য সাসপেন্ড করেছে।

টিটাগড় ডিপোর পরিবহন কর্মীদের দাবি, তাঁদের কাজের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে। পাশাপাশি সংস্থাকে পদ্ধতি মেনে লিখিত নির্দেশের মাধ্যমে শাস্তি প্রদান করতে হবে। না হলে টিটাগড় বাস ডিপো থেকে কোনও বাস ছাড়া যাবে না।

নাকাশিপাড়ায় পথদুর্ঘটনায় পুলিশকর্মী সহ মৃত ৩

নিজস্ব সংবাদদাতা, রানিনগর : পথ দুর্ঘটনায় মৃত্যু হল দুই পুলিশকর্মী সহ মোট তিনজনের। ঘটনায় আহত হন আরও একজন। নদিয়ার নাকাশিপাড়া থানা এলাকার ৩৪ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনাটি ঘটে।

মৃতদের নাম তরুণ কুমার দাস, মহম্মদ মাসুদ ও প্রভাস মাহাত। এদের মধ্যে প্রভাসবাবু গাড়ি চালাচ্ছিলেন। আহত আরও এক পুলিশকর্মীর নাম সত্যব্রত ভৌমিক। তাঁকে আশঙ্কাজনক অবস্থায় শক্তিনগর জেলা হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হওয়ায় তাঁকে কলকাতায় স্থানান্তারিত করা হয়।

সোমবার সকালে রায়গঞ্জের দিক থেকে একটি প্রাইভেট গাড়ি করে কলকাতার দিকে যাচ্ছিলেন ওই তিনজন পুলিশকর্মী। নদিয়ার নাকাশিপাড়া থানার গাছা বাজারের কাছে ৩৪ নম্বর জাতীয় সড়কের পাশে দাঁড়িয়ে থাকা একটি লরির পিছনে নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারে গাড়িটি। ঘটনাস্থলেই মারা যান তিনজন।

এই ঘটনার জেরে সোমবার সকালে ৩৪ নম্বর জাতীয় সড়কের যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে নাকাশিপাড়া থানার পুলিশ গিয়ে গাড়ি ও লরিটি সরিয়ে নিয়ে গেলে যানজট কাটে। পরিস্থিতি স্বাভাবিক হয়।

রবিবার চাকদহ থানার শিমুরালিতে পুলিশভ্যানের সঙ্গে ছোট মালবাহী গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়েছিল। ঘটনাস্থলেই মারা গিয়েছিলেন মালবাহী গাড়ির চালক। আহত হয়েছিলেন বেশ কয়েকজন পুলিশকর্মীও। স্থানীয়রা তাঁদের উদ্ধার করে কল্যাণী জওহরলাল নেহরু মেমোরিয়াল হাসপাতালে ভর্তি করে। পুলিশভ্যানটি কৃষ্ণনগর থেকে ব্যারাকপুরের দিকে যাচ্ছিল। অপরদিকে থেকে একটি ছোট মালবাহী গাড়ি রানাঘাটের দিকে আসছিল।

নিয়ন্ত্রণ হারিয়ে দু'টি গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়েছিল বলে জানিয়েছিল পুলিশ।

কোলাঘাটে সিগন্যাল ব্যবস্থা বিকল হয়ে যাওয়ায় হাওড়ার দক্ষিণ পূর্ব রেলে সোমবার সকাল সাতটা থেকে সাড়ে আটটা পর্যন্ত লোকাল ট্রেন চলাচলে বিঘ্ন ঘটে। হাওড়ার বাগনান স্টেশনের সেই যাত্রী ভোগান্তির চিত্র।

সোশ্যাল মিডিয়ায় ঘনিষ্ঠ মুহূর্তের ছবি পোস্ট, আত্মঘাতী কিশোরী

নিজস্ব সংবাদদাতা, সুতি : নিজের ঘর থেকে কিশোরীর ঝুলন্ত দেহ উদ্ধার হল। ঘটনাটি মুর্শিদাবাদের সুতি থানার ইন্দ্রনগর এলাকার। মৃতের নাম মামনি সরকার (নাম পরিবর্তিত)। অভিযোগ, প্রেমিক সোশ্যাল মিডিয়ায় আপত্তিকর ছবি পোস্ট করায় অপমানে আত্মঘাতী হয়েছে মামনি। প্রেমিক নাদিম শেখের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হয়েছে।

সুতি ডিহিগ্রামের নাদিম শেখের সঙ্গে মামনির সম্পর্ক ছিল। পরিবারের পক্ষ থেকে এনিয়ে মামনিকে সতর্ক করা হয়। তারপর থেকে সে নাদিমের সঙ্গে দূরত্ব বাড়ায়। অভিযোগ, দিনকয়েক আগে থেকে সোশ্যাল মিডিয়ায় আপত্তিকর ছবি পোস্ট করতে থাকে নাদিম। এরপর সোমবার সকালে নিজের শোওয়ার ঘর থেকে মামনি সরকারের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ, নিজের আপত্তিকর ছবি সোশ্যাল মিডিয়ার দেখার পরই রবিবার রাতেই গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হয় সে।

সোমবার সুতি থানার পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। সোমবার সকালে মৃতের পরিবারের তরফে ওই যুবকের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

ক্ষুদ্র ওষুধ ব্যবসায়ীর পাশে মন্টুরাম

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ: কেন্দ্রীয় সরকারের দরিদ্র মানুষর ক্ষুদ্র ব্যবসায়ীদের কথা ভাবে না। কালো টাকা উদ্ধারের নামে ১৪৫ জন প্রবীণ নাগরিকের প্রাণ গেছে। ভারতীয় জনতা পার্টির সরকারের দেশের মানুষ আগামীদিনে আর সমর্থন করবেন না।

বেঙ্গল কেমিস্ট এণ্ড ড্রাগিস্ট সংগঠনের এক সভায় এসে একথা বলেন সুন্দরবন উন্নয়নমন্ত্রী মন্টুরাম পাখিরা। সংগঠনের রাজ্য সভাপতি সভায় মন্ত্রীর উদ্দেশে এক আবেদনে বলেন, আগামীদিনে শুষুধ ব্যবস্থায় সে সমস্ত ছোট ছোট ব্যবসায়ী আছে তারা সংকটের মুখে। কারণ কেন্দ্রীয় সরকার অন লাইনে ওষুধ ব্যবসার জন্য কয়েকটি হাতে গোনা বড় বড় প্রতিষ্ঠানকে লাইসেন্স দিয়েছে। তাছাড়া জিএসটি সহ অন্যান্য বেশ কিছু নির্দেশ দেওয়া হচ্ছে।

একটি ছোট ওষুধ ব্যবসায়ী কোথাও এক কোথাও দু থেকে তিনজনকে নিয়েব্যবসা চালান সামান্য পুঁজিতে যে সমস্ত খাতাপত্র ইত্যাদি ব্যবহার করতে বলা হচ্ছে তাতে তাদের পক্ষে যা লাভ হবে তা সবটাই খরচ হয়ে যাবে। তাছাড়া বড় ব্যবসায়ীরা যে হারে ছাড় দিতে পারবে সেই হারে ছোট ব্যবসায়ীরা পারছেন না।

৯৬ বছরের সংগঠন আজ কেন্দ্রে বিরুদ্ধে লড়াইতে নেমেছে। মন্ত্রীর কাছে সংগঠন আবেদন করে, রাজ্য সরকার তাদের কথা একটু ভাবুক। কেন্দ্রের নীতি রাজ্যের মানুষের ক্ষতি করবে। কলকাতা শহর বাদ দিয়ে বাংলার গ্রামগুলিতে সহজে আর ওষুধ পাওয়া যাবে না। এবিষয়ে মন্ত্রী সংগঠনের পাশে থাকবেন শুধু নয়, মুখ্যমন্ত্রী যাতেএ বিষয়ে নজর দেন তাও তিনি দেখবেন।

সাঁইথিয়ায় তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে গ্রেফতার সিভিক ভলান্টিয়ার সহ ৩

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : তৃণমূলের গোষ্ঠীসংঘর্ষের ঘটনায় গ্রেফতার করা হল দুই গোষ্ঠীর তিনজনকে। রবিবার সাঁইথিয়া-বাগডাঙা এলাকা থেকে তাদের গ্রেফতার করে সাঁইথিয়া থানার পুলিশ। তাদের মধ্যে একজন সিভিক ভলান্টিয়ার রয়েছে। যদিও রবিবার তৃণমূল জেলা সভাপতি অনুব্রত মণ্ডল গোষ্ঠীসংঘর্ষের কথা অস্বীকার করেছিলেন। ধৃতদের সোমবার দুপুরে সিউড়ি জেলা আদালতে তোলা হয়।

অভিযোগ, শুক্রবার (৬ জুলাই) সন্ধেবেলা সাঁইথিয়া থেকে বাড়ি ফেরার পথে বাগডাঙা গ্রামের কাছে মোটরবাইক থেকে নামিয়ে মারধর করা হয়েছিল তৃণমূলের জেলা কমিটির সদস্য সাধন মুখোপাধ্যায়কে। তাঁকে সিউড়ি সদর হাসপাতালে ভর্তি করা হয়েছিল। ওই ঘটনায় কারও নাম উল্লেখ না করে সাঁইথিয়া থানায় অভিযোগ দায়ের করেছিলেন সাধনবাবু। এদিকে তৃণমূল নেতাকে মারধরের প্রতিবাদে রবিবার সাধন মুখোপাধ্যায়ের গোষ্ঠীর লোকজন ব্যবসা বন্ধ রেখে মৌন মিছিল করেন।

ওই মিছিলে পুলিশের সামনেই হামলা চালায় দলের সাঁইথিয়া ব্লক সভাপতি সাদের আলি খান গোষ্ঠীর লোকজন। ফলে দুই গোষ্ঠীর সংঘর্ষে বেশ কয়েকজন জখম হয়। সংঘর্ষে জড়িত থাকার অভিযোগে পুলিশ তিনজনকে গ্রেফতার করে।

পুলিশ জানিয়েছে, ধৃতরা হল সুজিত দলুই, পার্থ বিত্তাল এবং রঞ্জিত বিশ্বাস। সুজিত ও পার্থ সাদের আলি খান গোষ্ঠীর। অন্যদিকে, রঞ্জিত সাধন মুখোপাধ্যায় গোষ্ঠীর লোক বলে পরিচিত। রঞ্জিতের স্ত্রী দেরিয়াপুর গ্রাম পঞ্চায়েতের সদস্যা। অন্যদিকে পার্থ বিত্তালের দাদা জয়ন্ত বিশ্বাস হরিসরা গ্রাম পঞ্চায়েতে তৃণমূল সদস্য। সুজিত দলুই সিভিক ভলান্টিয়ার হিসাবে কর্মরত রয়েছেন।

চোরাই সোনা কেনার অভিযোগে ব্যবসায়ী গ্রেফতার, প্রতিবাদে ব্যবসা বন্ধ

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : চোরাই সোনা কেনার অভিযোগে এক স্বর্ণব্যবসায়ীকে গ্রেফতার করল পুলিশ। এই ঘটনার পর পুলিশ জুলুম করেছে অভিযোগ তুলে অনির্দিষ্টকালের জন্য টিটাগড় বাজার সহ শহরের সব এলাকায় সোমবার থেকে ব্যবসা বন্ধের ডাক দিয়েছে পাঁচটি ব্যবসায়ী সমিতি।

ব্যবসায়ী সমিতির এক সদস্যর অভিযোগ, রবিবার রাতে টিটাগড় বাজারের স্বর্ণব্যবসায়ী রাজু সাউয়ের দোকানে অভিযান চালায় পুলিশ। পুলিশের দাবি তারা জানতে পেরেছিল ওই দোকানে চোরাই সোনা রয়েছে। তাঁরা দোকানের মালিক রাজুকে গ্রেফতার করে। ব্যবসায়ী সমিতির সদস্যরা বিষয়টি জানতে থানায় গেলে তাঁদের মারধর করে হয় বলে অভিযোগ। টিটাগড় থানা জানিয়েছে, এমডি রাজা নামে এক ছিনতাইকারীকে সঙ্গে নিয়ে রবিবার রাজু সাউয়ের দোকানে অভিযান চালিয়েছিল পুলিশ। রাজা পুলিশকে জানিয়েছিল। সে চোরাই সোনা রাজু সাউয়ের দোকানে বিক্রি করেছে। তারপর পুলিশ রাজুকে গ্রেফতার করে। রাজুকে গ্রেফতার করতে গেলে কয়েকজন ব্যবসায়ী পুলিশকে বাধা দেয় বলে অভিযোগ। গোটা ঘটনায় ক্ষুব্ধ ব্যবসায়ী সমিতির পুলিশি জুলুমের অভিযোগ তুলে সোমবার সকাল থেকে টিটাগড়ে অনির্দিষ্টকালের জন্য ব্যবসা বন্ধের ডাক দিয়েছেন। টিটাগড় সেন্ট্রাল ব্যবসায়ী সমিতির সভাপতি রবীন্দ্রনাথ সাউ বলেন, 'পুলিশ অভিযান চালানোর সময় স্থানীয় ব্যবসায়ীদের উপর হামলা চালিয়েছে। অভিযুক্ত পুলিশ কর্মীদের সাসপেন্ড করতে হবে। তা না হলে আমরা আদালতে মামলা করব।' ব্যবসায়ী সমিতির সদস্যরা সোমবার প্রতিবাদ মিছিলও করেন।

রানিনগর সীমান্তে ব্যক্তির গুলিবিদ্ধ দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, রানিনগর : মুর্শিদাবাদের রানিনগরে ভারত-বাংলাদেশ সীমান্তে এক ব্যক্তির গুলিবিদ্ধ দেহ উদ্ধার হল। তাঁর বুকের বাঁদিকে গুলির ক্ষতচিহ্ন দেখা গেছে। মৃতের নাম মিহির মণ্ডল (৪৫)। বিএসএফ জওয়ানদের গুলিতে মৃত্যু হয়েছে, ওই অভিযোগে রানিনগর থানায় বিক্ষোভ দেখায় মৃতর পরিবারের সদস্য ও স্থানীয়রা। কয়েকদিন আগে রানিনগর সীমান্ত এলাকার শেখ পাড়ায় তিনজনের মৃত্যু হয়েছিল। সোমবার সকালে ফের এলাকার একটি ক্ষেতের মধ্যে গুলিবিদ্ধ দেহ মেলায় উত্তেজনা ছড়ায়। মৃতদেহ নিয়ে থানার সামনে বিক্ষোভ দেখায় পরিবারের সদস্য ও স্থানীয়রা। মৃত ব্যক্তির বাড়ি রানিনগরের চক হারুডাঙায়। পুলিশের তরফে জানানো হয়েছে, কীভাবে ওই ব্যক্তির মৃত্যু হয়েছে তা এখনই নিশ্চিত করে বলা সম্ভব নয়। তবে পুরো বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। তবে মৃতর পরিবারের অভিযোগ, চাষের জন্য মাঠে যাওয়ার সময় বিএসএফ গুলি চালায়। তবে অনেকের বক্তব্য, গোরু পাচার করার সময় বিএসএফ গুলি চালায়। যার জেরে মারা যায় ওই ব্যক্তি।

Change of Name

I, Dharmadas Sengupta S/O Kripamoy Sengupta R/O Neamatpur , 4 No.E.C.L . Colony ,P.O. Sundarchak P.S . Kulti Dist. Paschim Bardhaman Lithuria Road,Bamandiha under word No. 60, Holding No. 71/ N of A.M.C. I used to carry on business of commission Agent. So AMC Authority should corrected and /or amended my nature of busness by inserting only Commission Agent in place of civil contractor and General order Supplier in my trade License at A.M.C. Authority.As per Affidavit Ld. Magistrate at Asansol on 04.07.2018

Change of Name

I,RAJESH SHETH S/O. LATE VINODRAI SHETH R/O. 34, GIRISH MUKHERJEE ROAD, PO+P.S.: BHAWANIPORE, KOLKATA-700025, SHALL HENCEFORTH BE KNOWN AS RAJESH VINODRAI SHETH. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 09.07.2018.

Change of Name

I, SYED ABBAS MEHDI RIZVI@ WASIM AGHA S/O. LATE SYED MUKHTAR MEHDI RIZVI R/O. 58, RABINDRA SARANI, 2ND FLOOR, P.O.: C.R. AVENUE, P.S.: BOWBAZAR, KOLKATA-700073 SHALL HENCE FORTH BE KNOWN AS SYED ABBAS MEHDI RIZVI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 09.07.2018.